

আনিসুল হকের চল্লিশায় পরিচ্ছন্নতাকর্মীদের নিয়ে মধ্যাহ্নভোজ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:৪৭ পিএম, ২২ জানুয়ারি ২০১৮



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হকের চল্লিশা উপলক্ষে দোয়া মাহফিল ও পরিচ্ছন্নতাকর্মীদের নিয়ে মধ্যাহ্নভোজ সম্পন্ন হয়েছে।

সোমবার ডিএনসিসির উত্তরা ও মিরপুরের ২টি আঞ্চলিক অফিসে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীদের নিয়ে এই মধ্যাহ্নভোজ আয়োজন করা হয়। উত্তরায় ডিএনসিসির উত্তরা কমিউনিটি সেন্টারে এবং মিরপুরে ১০নং ওয়ার্ড কমিউনিটি সেন্টারে এই আয়োজন করা হয়।



একইভাবে আগামীকাল মঙ্গলবার মহাখালী ও কাওরানবাজার আঞ্চলিক অফিসে মিলাদ মাহফিল ও ওইসব অঞ্চলে কর্মরত ডিএনসিসির পরিচ্ছন্নতাকর্মীদের জন্য মধ্যাহ্নভোজের আয়োজন করা হবে। বর্তমানে ডিএনসিসির ৫টি অঞ্চলে মোট প্রায় ৪ হাজার পরিচ্ছন্নতাকর্মী কর্মরত রয়েছে।

প্রয়াত মেয়র আনিসুল হকের পরিবারের পক্ষে থেকে এই মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।



আনিসুল হকের ছেলে নাভিদুল হক বলেন, বাবা পরিচ্ছন্ন টাকা নগরীর স্বপ্ন দেখতেন আর পরিচ্ছন্ন টাকা গড়ার জন্য এই পরিচ্ছন্নতাকর্মীরা নিরলসভাবে কাজ করছেন। বাবা তাদের খুব ভালোবাসতেন, তারাও তাকে অন্তর থেকে সম্মান করতেন। তাই তার প্রতি সম্মান জানিয়ে বাবার মৃত্যুর পর সবাই অতিরিক্ত ১ ঘণ্টা কাজ করেছেন। তাই তাদের নিয়ে চল্লিশা আয়োজনের সিদ্ধান্ত নিই।



উত্তরায় চল্লিশা অনুষ্ঠানে নাভিদুল হক ছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় কাউন্সিলর এবং ডিএনসিসির কর্মকর্তারা। মিরপুরে স্থানীয় কাউন্সিলর এবং ডিএনসিসির কর্মকর্তাদের সঙ্গে ছিলেন প্রয়াত মেয়রের স্ত্রী রুবানা হক।